



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
ইউপি-২ শাখা  
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.০০০০.০১৮.১৫.০০২.১৮ (অংশ-১)- ২৬৪

তারিখ : ০২ ফাল্গুন ১৪২৭  
১৫ ফেব্রুয়ারি ২০২১


বিষয়: রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন এর ০২ (দুই) টি অফিস সহায়ক পদ আউটসোর্সিং এর পরিবর্তে রাজস্বখাতে অস্থায়ীভাবে সৃজন সংক্রান্ত।

সূত্র : রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন এর স্মারক নং-০৬, তারিখ: ০২/০২/২০২১খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে, স্থানীয় সরকার বিভাগের অনুকূলে প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটি কর্তৃক অনুমোদিত অর্গানোগ্রামের ২৫টি পদের বিপরীতে গত ১৭/১১/২০১৫ তারিখে আউটসোর্সিং এ ০৫টি অফিস সহায়ক পদ অনুমোদন প্রদান করা হয় যা অর্গানোগ্রামে অনুমোদন করা রয়েছে। আউটসোর্সিং নীতিমালা ২০১৮ জারী হওয়ায় জনপ্রশাসন মন্ত্রণালয় গত ০১/০১/২০২০ তারিখে অফিস সহায়কের ০৫ (পাঁচ) টি পদ আউটসোর্সিং এর পরিবর্তে রাজস্বখাতে অস্থায়ীভাবে সৃজনে সম্মতি প্রদান করেন। পরবর্তীতে উক্ত বিষয়ে সম্মতি প্রদানের জন্য গত ০২/০২/২০২০ তারিখে অর্থ বিভাগকে অনুরোধ করা হয়। কিন্তু অর্থ বিভাগ রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন এর অফিস সহায়কের ০৩ (তিন) টি পদ আউটসোর্সিং এর পরিবর্তে রাজস্বখাতে অস্থায়ীভাবে সৃজনে সম্মতি প্রদান করেন। বর্ণিত প্রেক্ষাপটে অফিস সহায়কের ০৫ (পাঁচ) টি পদের মধ্যে অবশিষ্ট ০২ (দুই) টি পদ আউটসোর্সিং এর পরিবর্তে রাজস্ব খাতে সৃজনে অর্থ বিভাগের সম্মতি গ্রহণের জন্য রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন পুনরায় অনুরোধ জানিয়েছেন।

০২। এমতাবস্থায়, স্থানীয় সরকার বিভাগের আওতাধীন রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন এর অফিস সহায়কের অবশিষ্ট ০২ (দুই) টি পদ আউটসোর্সিং এর পরিবর্তে রাজস্ব খাতে সৃজনে সম্মতি প্রদানের জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে।



(মো: আকবর হোসেন)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন : ৯৫১৪১৯০  
up2lgd@gmail.com

✓ সিনিয়র সচিব

অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে) :

- ১। রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন, পরিবহন পুল ভবন (৯ম তলা) সচিবালয় লিংক রোড, ঢাকা।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। অতিরিক্ত সচিব (ইউপি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। অফিস কপি।